# ১১ দলীয় জোট ক্ষমতায় এলে জুলাই গণহত্যা-হাদির বিচার হবে: নাহিদ ইসলাম



এনসিপি আহ্বায়ক নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

কুমিল্লার চৌদ্দগ্রাম উপজেলা মাঠে জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, ১১ দলীয় জোট সরকার ক্ষমতায় এলে জুলাই গণহত্যা ও শরিফ ওসমান হাদি হত্যার বিচার সর্বোচ্চ গুরুত্ব দিয়ে নিশ্চিত করা হবে। তিনি সতর্ক করে বলেছেন, নির্বাচনকে ব্যাহত করার যে কোনো চেষ্টা জনগণ প্রতিহত করবে।

শনিবার (৩১ জানুয়ারি) অনুষ্ঠিত সমাবেশে নাহিদ আরও বলেন, পাশ্ববর্তী কোনো দেশ বাংলাদেশের নির্বাচনে হস্তক্ষেপ করতে পারবে না; ক্ষমতা নির্ধারণ করবে শুধুই জনগণ।

অন্যদিকে, খেলাফত মজলিসের আমির মাওলানা মামুনুল হক বলেন, “এক দল প্রকাশ্যে হ্যাঁ ভোটের পক্ষে কথা বলছে, কিন্তু গোপনে না ভোট প্রচার করছে। মানুষ এমন দ্বিমুখী আচরণ মেনে নেবে না।”

তিনি আরও যোগ করেন, সারাদেশে ১১ দলীয় ঐক্যের পক্ষে গণজোয়ার তৈরি হয়েছে। ২৪ ঐতিহাসিক বিপ্লবের পর, জনগণ আর পুরনো রাজনীতি বা পরিবারতন্ত্রের শৃঙ্খলে ফিরে যেতে চায় না।

LENS ASIA